# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**13-05-2026** **Time: 1.30 PM**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) পশ্চিমবঙ্গ বিধানসভায় আজ নবনির্বাচিত বিধায়কদের শপথ গ্রহণ চলেছে। প্রথমার্ধে শপথ নিয়েছেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এবং অন্য মন্ত্রীরা।

২) তামিলনাড়ুতে সি জোসেফ বিজয়ের নেতৃত্বাধীন নব নির্বাচিত টিভিকে সরকার বিধানসভায় আস্থা ভোটে জয়লাভ করেছে। # পুদুচেরীর মুখ্যমন্ত্রী হিসেবে All India N R Congress এর এন রঙ্গস্বামী আজ শপথ নিয়েছেন।

৩) পশ্চিম এশিয়ার পরিস্থিতির প্রেক্ষিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর তাঁর কনভয়ে গাড়ির সংখ্যা কমানোর সিদ্ধান্ত নিয়েছেন। একই সিদ্ধান্ত স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সহ পশ্চিমবঙ্গ, উত্তর প্রদেশ, মধ্যপ্রদেশ ও দিল্লী সরকারের।

৪) কেন্দ্রীয় সরকার, সোনা ও অন্যান্য মূল্যবান ধাতব পদার্থের আমদানি শুল্ক বৃদ্ধি করেছে। আজ থেকেই তা' কার্যকর হয়েছে।

৫) চলতি সপ্তাহেই দক্ষিণ পশ্চিম মৌসুমি বায়ু দেশে পৌঁছে যেতে পারে ভারতীয় আবহাওয়ার দপ্তর জানিয়েছে।

৬) আইপিএল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর বিরুদ্ধে খেলবে।

---

পশ্চিমবঙ্গ বিধানসভায় আজ নবনির্বাচিত বিধায়কদের শপথ গ্রহণ চলেছে। প্রথমার্ধে ভবানীপুর থেকে নির্বাচিত বিধায়ক হিসেবে প্রথম শপথ নেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

(বাইট- শুভেন্দুর শপথ)

এরপর একে একে শপথ নেন মন্ত্রিসভার বাকি ৫ সদস্য- নিশীথ প্রামাণিক, দিলীপ ঘোষ, অশোক কীর্তনিয়া, ক্ষুদিরাম টুডু ও অগ্নিমিত্রা পাল। অধ্যক্ষ প্রতীম তাপস রায় তাঁদের শপথ বাক্য পাঠ করান। এছাড়াও, উত্তরবঙ্গের নয় জেলা ও মুর্শিদাবাদের মোট ৭৬ জন বিধায়ক প্রথমার্ধে শপথ নিয়েছেন।

দ্বিতীয়ার্ধে নদিয়া এবং দুই ২৪ পরগনার বিধায়কদের শপথ নেওয়ার কথা।

শপথ গ্রহণের আগে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে আজ বিধানসভা চত্বরে ‘গার্ড অফ অনার’ দেওয়া হয়। সিঁড়িতে মাথা ঠেকিয়ে প্রণাম করে, বিধানসভায় ঢোকেন নবনির্বাচিত মুখ্যমন্ত্রী। তাঁকে স্বাগত জানান অধ্যক্ষ প্রতীম তাপস রায়। তারপর তিনি বি আর আম্বদেকরের মূর্তিতে মাল্যদান করেন। তারপর বিধানসভায় মুখ্যমন্ত্রীর জন্য নির্দিষ্ট ঘরে গিয়ে তিনি পুজো দেন।

আগামীকাল’ও চলবে শপথ গ্রহণ পর্ব। প্রথমার্ধে কলকাতা, হাওড়া, হুগলি, পূর্ব মেদিনীপুর এবং ঝাড়গ্রাম এবং দ্বিতীয়ার্ধে পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, দুই বর্ধমান, ও বীরভূমের জয়ী বিধায়করা শপথ নেবেন।

শুক্রবার **১৫’ই মে,** বিধানসভার অধ্যক্ষ নির্বাচন হওয়ার কথা। অধ্যক্ষ প্রতীম তাপস রায়কেই অধ্যক্ষ পদে শাসক দলের তরফে প্রার্থী করা হতে পারে বলে

বিধানসভা সূত্রে জানা গেছে। লোকভবনে গতকাল মাণিকতলার এই বিধায়ককে প্রোটেম স্পিকার বা অধ্যক্ষ প্রতীম পদে শপথবাক্য পাঠ করান রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি। উল্লেখ্য, রাজ্য বিধানসভার ২৯৪ টি আসনের মধ্যে ফলতা বিধানসভা কেন্দ্রে পুনর্নির্বাচন হবে ২১শে মে। ২৯৩ টির মধ্যে ২০৭ টি আসনে বিজেপি, ৮০'টিতে তৃণমূল কংগ্রেস, CPIM-একটি, ISF-একটি, আমজনতা উন্নয়ন পার্টি- দুটি এবং কংগ্রেস দুটি আসনে জয় লাভ করেছে।

--------------------

তামিলনাড়ুতে সি জোসেফ বিজয়ের নেতৃত্বাধীন নব নির্বাচিত টিভিকে সরকার বিধানসভায় আস্থা ভোটে জয়লাভ করেছে। বিধানসভার ১৪৪ জন বিধায়ক আস্থা প্রস্তাবের পক্ষে ও ২২ জন বিধায়ক বিপক্ষে ভোট দিয়েছেন এবং পাঁচজন ভোটদানে বিরত ছিলেন। তবে আস্থাভোট চলাকালীন প্রধান বিরোধী দল ডিএমকে ওয়াকআউট করে।

উল্লেখ্য সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচনে টিভিকে মাত্র ১০৮টি আসন পাওয়ায়, বিধানসভায় সংখ্যাগরিষ্ঠতা প্রমাণ করার জন্য তামিলনাড়ুর রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আরলেকর শ্রী বিজয়কে আস্থা ভোটের নির্দেশ দিয়েছিলেন।

--------------------

পুদুচেরির মুখ্যমন্ত্রী হিসেবে এনআইআরসি নেতা এন রঙ্গস্বামী আজ শপথ গ্রহণ করেছেন।এই নিয়ে টানা ৫ বার তিনি মুখ্যমন্ত্রী হলেন। লোক নিবাসে আজ সকাল দশটা নাগাদ উপরাজ্যপাল কে কৈলাশনাথন রঙ্গাস্বামীকে পদ ও মন্ত্রগুপ্তির শপথবাক্য পাঠ করান। উল্লেখ্য অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজেপির সভাপতি নীতিন নবীন।

--------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'আয়ুষ্মান ভারত' । কল্যাণী এইমসের মেডিকেল সুপারিনটেনডেন্ট প্রফেসর ডক্টর মহুয়া চট্টোপাধ্যায়ের সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আজ শুনবেন দ্বিতীয় তথা শেষ পর্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

--------------------

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর আজ চিলির বিদেশমন্ত্রী ফ্রান্সিসকো পেরেজ মাকেন্নার সঙ্গে সাক্ষাৎ করেছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় জানা গেছে, পরিষেবামূলক অর্থনীতি এবং জরুরী পণ্যের রপ্তানীর বিষয়ে দ্বিপাক্ষিক সম্পর্ক আরো জোরদার করতে দু দেশের মধ্যে আলোচনা হয়েছে। বহুপাক্ষিক ও বহুমুখী ক্ষেত্রে নিবিড়ভাবে কাজ চালিয়ে যাওয়ার বিষয়ে দুপক্ষ সহমত হয়েছে। বিদেশ মন্ত্রী আজ বেশ কয়েকটি দ্বিপাক্ষিক বৈঠক করবেন। বিকেলে দক্ষিণ আফ্রিকার বিদেশ মন্ত্রী রোনাল্ড নামোলা ও ব্রাজিলের বিদেশ মন্ত্রী মাউলো ভিয়েরার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকের কথা রয়েছে। সন্ধ্যের পর তিনি রাশিয়ার বিদেশ মন্ত্রী সের্গেই লাভরভের সঙ্গে মত বিনিময় করবেন।

উল্লেখ্য, নতুন দিল্লীতে আগামীকাল শুরু হতে চলা ব্রিকস বিদেশমন্ত্রীদের বৈঠকে যোগ দিতে পেরেজ ভারতে এসেছেন। ভারতের বিদেশমন্ত্রী ডঃ সুব্রমনিয়াম জয়শঙ্কর এই বৈঠকে পৌরহিত্য করবেন। ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির বিদেশমন্ত্রী এবং সহযোগী দেশগুলির সদস্য ও প্রতিনিধিরা বৈঠকে অংশ নেবেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গেও তাঁদের সাক্ষাৎ করার কর্মসূচী রয়েছে। পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট আন্তর্জাতিক এবং আঞ্চলিক নানা বিষয়ে বৈঠকে মত বিনিময় হবে।

--------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ আজ প্রাক্তন রাষ্ট্রপতি ফাখরুদ্দিন আলী আহমেদের জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়েছেন। রাষ্ট্রপতি ভবনে তিনি প্রাক্তন রাষ্ট্রপতির প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করেন।

উল্লেখ্য, দেশের পঞ্চম রাষ্ট্রপতি হিসেবে ফাখরুদ্দিন আলী আহমেদ ১৯৭৪ সালের ২৪শে আগষ্ট থেকে তাঁর মৃত্যু ১৯৭৭ এর ১১ই ফেব্রুয়ারি পর্যন্ত দায়িত্বভার সামলান।

--------------------

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আজ তিনদিনের গুরুত্বপূর্ণ সফরে চীনের রাজধানী বেজিংয়ে যাচ্ছেন। ডোনাল্ড ট্রাম্প এবং চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের মধ্যে বহু-প্রতীক্ষিত  আগামীকালের বৈঠকে দুটি দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে বিস্তারিত আলোচনা হবে । ট্রাম্প বলেছেন, তাদের মধ্যে বাণিজ্য বিষয়ে আলোচনা সর্বাধিক গুরুত্বপূর্ণ স্থান পাবে। এই নিয়ে ট্রাম্প ,সপ্তমবার শি জিনপিংয়ের সঙ্গে বৈঠকে বসছেন। ২০১৭ সালের পর এই প্রথম কোনো মার্কিন প্রেসিডেন্ট চীন সফর করছেন। হোয়াইট হাউস থেকে জানানো হয়েছে ,এবারের সফরে ফাস্ট লেডি মেলানিয়া ট্রাম্প চীনে আসছেন না ।চীন রওনা হওয়ার আগে ট্রাম্প সাংবাদিকদের বলেন, এই সফরে দুটি দেশের মধ্যে সম্পর্ক আরো জোরদার হবে। এয়ার ফোর্স ওয়ান বিমানে প্রেসিডেন্ট ট্রাম্পের সফরসঙ্গী হিসেবে আছেন বিদেশ সচিব মার্কো রুবিও, হোয়াইট হাউসের ডেপুটি চিফ অফ স্টাফ জেমস ব্লেয়ার, ডেপুটি জাতীয় নিরাপত্তা উপদেষ্টা রবার্ট গ্যাব্রিয়েল প্রমূখ।

--------------------

কৌশলগত সহযোগিতা এবং দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে সংযুক্ত আরব আমির শাহীর রাষ্ট্রপতি মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ান , মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে দুরাভাষে মত বিনিময় করেন। ইউ এ ই এবং মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে সম্পর্ক আরো ঘনিষ্ঠ করতে উভয় নেতাই একমত হন। উভয়নেতাই পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতি নিয়ে মতবিনিময় করেন। এছাড়া তাঁরা আঞ্চলিক ও আন্তর্জাতিক পরিস্থিতি এবং নিরাপত্তা নিয়ে সামগ্রিক পরিস্থিতির পর্যালোচনা করেছেন।

এদিকে, ইরান তাদের একটি দ্বীপে হামলা চালানোর উদ্দেশ্যে সশস্ত্র বাহিনী পাঠিয়েছে বলে কুয়েত অভিযোগ করেছে, ।তবে কুয়েতের এই অভিযোগে ইরান তাৎক্ষণিক কোন প্রতিক্রিয়া জানায়নি। উল্লেখ্য, সাম্প্রতিক যুদ্ধে কুয়েত বারবার ইরানের হামলার শিকার হয়েছে। ছয়জনের সশস্ত্রবাহিনী ইরাক ও ইরানের সীমান্তবর্তী পারস্য উপসাগরের উত্তর-পশ্চিম দিকে বুবিয়ান দ্বীপে অনুপ্রবেশের চেষ্টা চালিয়েছিল বলে কুয়েত দাবি করেছে।কুয়েতের অভিযোগ, এই সশস্ত্র বাহিনী নাশকতামূলক কাজ চালানোর পরিকল্পনা করেছিল। তারা ওই দলের চারজন সদস্যকে আটকও করেছে। এই হামলার ঘটনায় তাদের একজন নিরাপত্তা কর্মী আহত হয়েছেন।

--------------------

মেডিকেলে প্রবেশিকা নীট ইউ জি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের তদন্তে সিবিআইয়ের একটি দল আজ রাজস্থানের জয়পুরে পৌঁছেছে। রাজস্থান পুলিশের বিশেষ দল, এই ঘটনায় কমপক্ষে ২৪ জনকে জেরা করে।

এদিকে, সিকার সহ অন্য এলাকাতেও শতাধিক সন্দেহভাজন ব্যক্তিদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

আগেই জানানো হয়েছে, গতকাল এই পরীক্ষা বাতিল ঘোষনার পর প্রশ্নপত্র ফাঁসের তদন্তভার সিবিআইয়ের হাতে তুলে দেওয়া হয়। ইতিমধ্যেই এই ঘটনার মূল অভিযুক্ত জয়পুরের বাসিন্দা মনীশকে গ্রেপ্তার করা হয়েছে। এছাড়াও দেরাদুন থেকে ৫ জন এবং সিকারের পুরপ্রতিনিধি রাকেশ কুমারকে গ্রেপ্তার করেছে।

-------------------

পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতির প্রেক্ষাপটে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর কনভয়ে গাড়ির সংখ্যা কমানোর সিদ্ধান্ত নিয়েছেন। পরিবেশগত স্থিতিশীল বিকল্প ব্যবহারের বার্তা দিতে প্রধানমন্ত্রীর এই সিদ্ধান্ত। ইতিমধ্যেই গুজরাট এবং আসামে প্রধানমন্ত্রীর সাম্প্রতিক সফরে নতুন ও ছোট কনভয় লক্ষ্য করা গেছে। তবে কনভয়ের আকার কমানো হলেও, SPG প্রোটোকল অনুযায়ী প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা অটুট রাখা হয়েছে। কনভয়ে নতুন গাড়ি না কিনে বৈদ্যুতিক গাড়ি( Electric Vehicles) অন্তর্ভুক্ত করার পরামর্শ দিয়েছেন শ্রী মোদী।

উল্লেখ্য প্রধানমন্ত্রীর আহ্বানে সাড়া দিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-ও তাঁর কনভয়ে গাড়ির সংখ্যা অর্ধেকেরও কম করেছেন। এছাড়াও উত্তর প্রদেশ, মধ্যপ্রদেশ এবং দিল্লির মুখ্যমন্ত্রীরা মন্ত্রী, বিধায়ক এবং জনপ্রতিনিধিদের সরকারি যানবাহনের ব্যবহার কমানোর জন্য বিভিন্ন পদক্ষেপ ঘোষণা করেছেন এবং সরকারি কনভয় থেকে অপ্রয়োজনীয় যানবাহন সরিয়ে ফেলার নির্দেশ দিয়েছেন।

পশ্চিমবঙ্গ সরকারও একই সিদ্ধান্ত নিয়েছে। বিধানসভায় আজ শপথ গ্রহণের পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান সবকা সাথ সবকা বিকাশ এর ভাবনায় অংশীদার হতেই তিনি এই সিদ্ধান্ত নিচ্ছেন।

-------------------

কেন্দ্রীয় সরকার, সোনা ও অন্যান্য মূল্যবান ধাতব পদার্থের আমদানি শুল্ক বৃদ্ধি করেছে। আজ থেকেই তা' কার্যকর হবে।

অর্থমন্ত্রকের এক বিবৃতিতে বলা হয়েছে, সোনা ও রুপোর ওপরে পাঁচ শতাংশ এবং প্ল্যাটিনামের ওপর পাঁচ দশমিক চার শতাংশ শুল্ক বাড়ানো হল।

উল্লেখ্য, এর আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, সোনার গয়না না কেনার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান। পশ্চিম এশিয়ার সঙ্কটের প্রেক্ষিতেই তাঁর এই আবেদন।

--------------------

কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরি বলেছেন পশ্চিম এশিয়ার বর্তমান সংকটের প্রেক্ষিতে সরকার জনগণের ওপর বাড়তি বোঝা না চাপিয়ে জ্বালানী সরবরাহ স্বাভাবিক রাখতে সক্ষম হয়েছে। তিনি বলেন, সরকার সামগ্রিক পরিস্থিতি মোকাবেলায় অভ্যন্তরীণ উৎপাদন ৩৬ হাজার মেট্রিক টন থেকে বাড়িয়ে ৫৪ হাজার মেট্রিক টন করেছে। CIIএর বার্ষিক সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ভারতের তেল কোম্পানিগুলি দৈনিক এক হাজার কোটি টাকা লোকসানের সম্মুখীন হচ্ছে।

বাইট- হরদীপ সিং পুরি

--------------------

ভারতীয় আবহাওয়ার দপ্তর জানিয়েছে, চলতি সপ্তাহেই দক্ষিণ পশ্চিম মৌসুমি বায়ু পৌঁছে যেতে পারে। দক্ষিণ পশ্চিম মৌসুমি বায়ুর চলতি সপ্তাহের শেষ নাগাদ দক্ষিণ বঙ্গোপসাগরের কিছু অংশে, আন্দামান সাগর এবং আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জের দিকে অগ্রসর হওয়ার অনুকূল পরিস্থিতি তৈরি হয়েছে বলে আবহাওয়ার দপ্তর জানিয়েছে।দক্ষিণ

পশ্চিম বঙ্গোপসাগরের সংশ্লিষ্ট এলাকার ওপর থাকা নিম্নচাপ অঞ্চল এর সঙ্গে ঘূর্ণাবর্ত সমুদ্র পৃষ্ঠ থেকে সাড়ে চার কিলোমিটার ওপরে অবস্থান করছে এবং তা আগামী ২৪ ঘণ্টায় আরও স্পষ্ট রূপ নিতে পারে ।

উল্লেখ্য, প্রতিবছর পয়লা জুন কেরালায় দক্ষিণ পশ্চিম মৌসুমি বায়ু প্রবেশ করে থাকে।

এদিকে, ভারতের আবহাওয়া দপ্তর, রাজস্থানে তীব্র তাপপ্রবাহের লাল সতর্কতা জারি করেছে। রাজ্যের সীমান্তবর্তী জেলাগুলি তীব্র তাপপ্রবাহের কবলে বিপর্যস্ত হয়ে পড়ে। বিভিন্ন অঞ্চলে তাপমাত্রা ৪৫ থেকে ৪৭ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে রেকর্ড করা হয়েছে। বারমের গতকাল ছিল রাজ্যের উষ্ণতম স্থান। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৪৩ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস।

--------------------

আইপিএল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর বিরুদ্ধে খেলবে। ছত্তিশগড়ের নব রায়পুরে শহীদ বীর নারায়ণ সিং আন্তর্জাতিক স্টেডিয়ামে খেলা শুরু সন্ধ্যা সাড়ে সাতটায়।

১০ ম্যাচে ৯ পয়েন্ট সংগ্রহ করে কেকেআর অষ্টম স্থানে রয়েছে।

১১ ম্যাচে ১৪ পয়েন্ট সংগ্রহ করে আরসিবি রয়েছে পয়েন্ট তালিকার শীর্ষে। প্লে অফ-এ যেতে হলে কেকেআর-কে বাকি ম্যাচগুলি জিততে হবে।

-------------------- --------------------